দৈনিক ইত্তেফাক

তারিখ 04 MAY 2008

### জাবি নাট্যতত্ত্ব বিভাগ

# ছাত্রী নির্যাতনের অভিযোগে শিক্ষকের অপসারণ দাবি ক্লাস-পরীক্ষা বর্জন

॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের সভাপতি সানোয়ার হোসেনের (আহমেদ সানি) বিরুদ্ধে যৌন নিপীড়নের অভিযোগ করা হয়েছে। অভিযুক্ত শিক্ষককে বরখাস্তের দাবিতে গতকাল ভিসির কাছে স্মারকলিপি প্রদান, মৌন মিছিল ও ক্লাস-পরীক্ষা বর্জন করেছে বিভাগের শিক্ষার্থীরা।

গতকাল নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের শিক্ষার্থীরা মৌন মিছিল নিয়ে প্রশাসনিক ভবনে যায়। তারা ভিসি অধ্যাপক ড. মোহাম্মদ মুনিরুজ্জামানের কাছে ওই শিক্ষকের স্থায়ী বরখাস্তের আবেদন জানিয়ে স্মারকলিপি দেয়। স্মারকলিপিতে শিক্ষার্থীরা জানায়, কয়েকদিন পূর্বে অভিযুক্ত শিক্ষক বিভাগের ২য় বর্ষের (পুরতান) চার ছাত্রীর ওপর শারীরিক নির্যাতন ও যৌন নিপীড়ন চালায়। তারা ওই শিক্ষকের স্থায়ী বরখাস্তের দাবি জানায়।

এদিকে গতকালই বিষয়টি নিয়ে নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের সব শিক্ষক সভায় বসেন। অভিযুক্ত শিক্ষক আহমেদ সানি জানান, অভিযোগটি মিথ্যা ও ভিত্তিহীন। এটা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র।